দৈনিক বাংলা

[redacted] 0 1 JUL 1991
পৃষ্ঠা ১ কলাম ৪

30

### প্রভোস্ট ও হাউজ টিউটরদের সভা

# ঢাকা ভার্সিটির হলগুলিতে বহিরাগতদের আনাগোনা বন্ধ করার সিদ্ধান্ত

।। বিশ্ববিদ্যালয় রিপোর্টার ।।

ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ আবাসিক হলগুলিতে বহিরাগতদের আনাগোনা বন্ধ করার লক্ষ্যে কিছু কড়াকড়ি ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত নিয়েছেন।

আগামী ৫ জুলাই হল খোলার পর কেবলমাত্র পরিচয়পত্রধারী আবাসিক ছাত্র-ছাত্রীদেরই হলে প্রবেশ করতে দেয়া হবে। অনাবাসিক ছাত্রদের হলে থাকতে দেয়া হবে না। বহিরাগত এবং অস্ত্রধারীরা যাতে হলে প্রবেশ করতে না পারে সেজন্যে প্রতিটি হল গেটে পুলিশ প্রহরা বসানো হবে। গতকাল ভাইস চ্যান্সেলর প্রফেসর মনিরুজ্জামান মিঞার সভাপতিত্বে বিশ্ববিদ্যালয়ের আবাসিক হলগুলোর প্রভোস্ট ও হাউজ টিউটরদের এক সভায় এসব সিদ্ধান্ত নেয়া হয়। প্রো-ভাইস চ্যান্সেলর, প্রক্টর ও সহকারী

(৪-এর পৃঃ ৩-এর কঃ দ্রঃ)

## বন্ধ করার সিদ্ধান্ত

(প্রথম পৃষ্ঠার পর)

প্রক্টরগণও এ সভায় উপস্থিত ছিলেন।

সভায় মত প্রকাশ করা হয় যে, অস্ত্র উদ্ধার বা অস্ত্রধারীদের গ্রেফতারের দায়িত্ব আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর। আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী এ দায়িত্ব যথাযথভাবে পালন করবেন বলে সভায় আশা প্রকাশ করা হয়।

**বিশ্ববিদ্যালয় খুলে দেয়ার দাবী**

বিভিন্ন ছাত্র সংগঠনের ঢাকা বিশ্ববিদ্যালয় শাখার নেতৃবৃন্দ গতকাল ভাইস চ্যান্সেলরের সাথে দেখা করে বিশ্ববিদ্যালয় ঘোষিত তারিখে খুলে দেয়ার দাবী জানিয়েছেন। নেতৃবৃন্দ বিশ্ববিদ্যালয় খোলার তারিখ পিছিয়ে দেয়া এবং মধুর ক্যান্টিন বন্ধ রাখার সিদ্ধান্তে ক্ষোভ প্রকাশ করেন। ছাত্র সংগঠনগুলির দাবীর মুখে ভাইস চ্যান্সেলর জানান, ৬ জুলাই তারিখেই বিশ্ববিদ্যালয় খোলা হবে। মধুর ক্যান্টিনও আজ সোমবার থেকে খুলে দেয়া হবে বলে তিনি জানান।

এদিকে ঈদের ছুটির পর বিশ্ববিদ্যালয়ের সব অফিস আজ খুলছে।